# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৩৮ | তারিখঃ ২২/০৫/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"সাতক্ষীরা জেলার পোল্ডার নং ১৫ পুনর্বাসন" শীর্ষক প্রকল্পের অনুকূলে কাজ বাস্তবায়নের লক্ষ্যে Environmental Impact Assessment (EIA) সম্পাদনের জন্য মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৮, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ রেজাউল করিম, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ পরিবেশ অধিদপ্তর, কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভুক্ত কার্যক্রমের যৌক্তিকতা, যথার্থতা ও উপযোগিতা নিরূপণ করে প্রকল্পটির পরিবেশগত প্রভাব মূল্যায়ন করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্পের আওতায় বাঁধ পুনর্বাসন, নদী তীর সংরক্ষনমূলক কাজ, বাঁধের ঢাল সংরক্ষনমূলক কাজ, রেগুলেটর নির্মাণ, ইনলেট/আউটলেট স্ট্রাকচার, খাল পুনঃখনন এবং জমি অধিগ্রহনের পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

গ) প্রকল্পটি লাল শ্রেণীভুক্ত বিধায় প্রথমে অবস্থানগত ছাড়পত্র ও EIA এর জন্য ToR অনুমোদন করিয়ে নিতে হবে। অনুমোদিত ToR অনুসারে EIA (Environmental Impact Assessment) প্রণয়ন করে তা পরিবেশ অধিদপ্তর হতে অনুমোদন করাতে হবে। অতপর সকল কার্যক্রম সম্পাদন করে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে।

ঘ) পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে প্রকল্পের কার্যক্রম শুরু করা যাবে না।

ঙ) আলোচ্য প্রকল্পের কার্যক্রমের মাধ্যমে কোন পাহাড়/টিলা কর্তন বা মোচন এবং জলাশয় ভরাট করা যাবে না।

চ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিঁড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপনসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

ছ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

জ) প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

ঝ) বর্ণিত স্থান রঙিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ঞ) কমিটি Environmental Impact Assessment (EIA) করণে পরিবেশ অধিদপ্তর এবং WARPO এর গাইডলাইন অনুসরন করবেন।

২। কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী এবং প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। কমিটি কর্তৃক প্রাথমিক পরিদর্শনে প্রকল্প ব্যয় ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধে প্রতীয়মান হলে সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের পরিবর্তে যথাযথ ব্যাখ্যাসহ বিকল্প প্রস্তাবসহ প্রকল্প ধারণা পত্র (Project Concept Paper/ PCP) Soft Copy সহ দাখিল করবেন।

৪। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৫। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২২/০৫/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৮, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ রেজাউল করিম, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব এ এইচ মনজুর মোর্শেদ, উপ-প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা।
৬। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
৪-৫। যুগ্ম-প্রধান /তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর/ খুলনা পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। **বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।